# RAMAKRISHNA MISSION VIDYAMANDIRA

**(Residential Autonomous College under University of Calcutta)**

**B.A./B.SC. FIRST SEMESTER EXAMINATION, DECEMBER 2013**

**FIRST YEAR**

**BENGALI (General)**

Date : 21/12/2013

Time : 11 am – 2 pm

Paper : I

Full Marks : 75

1. কারণ উল্লেখ করে প্রদত্ত বানান শুদ্ধ করো (যে কোন **চারটি**) ঃ [4×5]

   গুণি, মন্ত্রীসভা, প্রতিদ্বন্দ্বীতা, বশিকরণ, ঋণ, আহ্বান, প্রনাম, ভূমিস্ঠ, পরিস্কার, বিহারী

2. প্রদত্ত অংশের মূল ভাবটি নিয়ে সম্পূর্ণ নিজের ভাষায় অনধিক ৪০টি শব্দে সারাংশ রচনা করো (যে কোন **একটি**) ঃ [10]

   অপরিমিত আশা-উৎসাহ আমাদের অল্পবয়সের প্রথম সম্বল; কর্মের পথে যাত্রা করিবার আরম্ভকালে বিধাতৃমাতা এইটে আমাদের অঞ্চলপ্রান্তে বাঁধিয়া আশীর্বাদ করিয়া প্রেরণ করেন। কিন্তু অর্থ যেমন খাদ্য নহে, তাহা ভাঙাইয়া তবে খাইতে হয়, তেমনি আশা-উৎসাহ আমাদিগকে সার্থক করে না, তাহাকে বিশেষ কাজে খাটাইয়া তবে ফললাভ করি। সে কথা ভুলিয়া আমরা বরাবর ঐ আশা-উৎসাহেই পেট ভরাইবার চেষ্টা করিয়াছিলাম। শিশুরা শুইয়া শুইয়াই হাত-পা ছুঁড়িতে থাকে - তাহাদের সেই শরীরসঞ্চালনের কোনো লক্ষ্য নাই। প্রথমাবস্থায় শক্তির এইরূপ অনির্দিষ্ট বিক্ষেপের একটা অর্থ আছে - কিন্তু, সেই অকারণ হাত-পা-ছোঁড়া যদি তাহাকে সকারণ চেষ্টার জন্য প্রস্তুত করিয়া না তোলে তবে তাহা ব্যাধি বলিয়াই গণ্য হইবে। (শব্দসংখ্যা - ৯০)

   **অথবা,**

   আমাদের দেশে ইংরেজি শিক্ষার যখন প্রথম পত্তন হইয়াছিল তখন তাহার লক্ষ্য ছিল এই যে, ব্রিটিশ ভারতের রাজ্যশাসন ও বাণিজ্যচালনার জন্য ইংরেজি-জানা দেশি কর্মচারী গড়িয়া তোলা। অনেকদিন হইতেই সেই গড়নের কাজ চলিতেছে। যতকাল ছাত্রের সংখ্যা অল্প ছিল ততকাল প্রয়োজনের সঙ্গে আয়োজনের সামঞ্জস্য ছিল; কাজেই সে দিক হইতে কোনো পক্ষে অসন্তোষের কোনো কারণ ঘটে নাই। যখন হইতে ছাত্রের পরিমাণ অত্যন্ত বাড়িয়া উঠিয়াছে তখন হইতেই এই শিক্ষাব্যবস্থার একটা প্রধান উদ্দেশ্য অধিকাংশ ছাত্রেরই পক্ষে ব্যর্থ হইতেছে। যদি আমাদের দেশের শিক্ষায় ছাত্রদিগকে চাকরি ছাড়া অন্যান্য জীবিকার সংস্থানে পটু করিয়া তুলিত তাহা হইলে এই সম্বন্ধে নালিশের কথা থাকিত না। (শব্দসংখ্যা - ৯০)

3. বাংলা গদ্যে ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগরের অবদান আলোচনা করো। [10]

   **অথবা,**

   বাংলা গদ্য সাহিত্যের জগতে স্বামী বিবেকানন্দের কৃতিত্ব উল্লেখ করো।

4. যে কোন **একটি** বিষয়ে টীকা লেখো ঃ [5]

   ক) উইলিয়াম কেরী

   খ) মৃত্যুঞ্জয় বিদ্যালঙ্কার

5. যে কোন **দুটি** প্রশ্নের উত্তর দাও ঃ [2×10]

   ক) বাংলা কাব্যের রেনেসাঁ পর্বে 'মহাকাব্যের ধারা' সম্পর্কে বিস্তৃত আলোচনা করো।

   খ) দীনবন্ধু মিত্রের নাটক সম্পর্কে আলোচনা করো।

   গ) গিরিশচন্দ্র ঘোষের নাটক সম্পর্কে যা জান লেখো।

   ঘ) বঙ্কিমচন্দ্রের ঐতিহাসিক উপন্যাস আলোচনা করো।

6. যে কোন **দুটি** বিষয়ে টীকা লেখো ঃ [2×5]

   ক) সারদামঙ্গল

   খ) নীলদর্পন

   গ) বীরাঙ্গনা কাব্য

   ঘ) বিষবৃক্ষ